

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।


সভাপতি: শাকিলা জেরিন আহমেদ
অতিরিক্ত সচিব
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান: মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ: ২৭ অক্টোবর ২০২১
সময়: বেলা: ০৩.০০ ঘটিকায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, মন্ত্রণালয়ের ন্যায় দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ৩টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। এ কর্মপরিকল্পনাকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) সরাসরি অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি সময়াবদ সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। সভায় শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব মোঃ মহিদুর রহমান বলেন, দপ্তর/সংস্থার সময়াবদ কার্যক্রম যথাযথভাবে পরিবীক্ষণ করা হচ্ছে। অতঃপর দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) প্রতিবেদন পৃথক পৃথক ভাবে সভায় উপস্থাপন করেন। সভাপতি দপ্তর/সংস্থাগুলোর ২০২১-২০২২-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। পর্যালোচনান্তে দপ্তর/সংস্থার শুদ্ধাচার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সকল দপ্তর/সংস্থা প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে;
- (খ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এবং আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা করতে হবে।
- (গ) সকল দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো যথাযথ সময়ে বাস্তবায়ন করতে হবে;
- (ঘ) সকল দপ্তর/সংস্থা ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ এবং তথ্য আপলোড করতে হবে;
- (ঙ) সকল দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক কার্যালয়/মাঠপর্যায়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম অনুযায়ী যথাযথ বাস্তবায়ন ও পরিবীক্ষণ জোরদার করতে হবে;
- (ছ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও তাঁর মাঠপর্যায়/আঞ্চলিক কার্যালয়ে নিয়মিতভাবে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে;

২। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


শাকিলা জেরিন আহমেদ
অতিরিক্ত সচিব

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়